বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রনালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় অফিস, বাইপাস সড়ক, নওদাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩
ফোন: ০২৪৭-৮৬০৮৭৪,৮৬০৮৭৬, E- mail- bsti_raj@yahoo.com

মুজিব বর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন

বিষয় : বিএসটিআই বিভাগীয় অফিস, রাজশাহী এর কার্যক্রম সংক্রান্ত মাসিক সমন্বয় সভার কার্যবিবরনী।

সভাপতি : ইঞ্জিঃ মোঃ সেলিম রেজা, পরিচালক, বিএসটিআই বিভাগীয় অফিস, রাজশাহী।

সভার স্থান : বিএসটিআই বিভাগীয় অফিস রাজশাহী এর সম্মেলনকক্ষ।

তারিখ ও সময় : ০৩-০২- ২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ মিঃ

উপস্থিতি : সংলগ্নী 'ক' তে দেয়া হলো।

সভাপতি উপস্থিত কর্মকর্তা/ কর্মচারীদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে তিনি সকলকে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণ করে স্ব স্ব দায়িত্ব সুচারুভাবে পালন করার করার উপর গুরুত্বারোপ করেন। সভাপতি বলেন প্রত্যেক উইং প্রধান স্ব স্ব কর্মকর্তাদের নিয়ে পৃথক মিটিং করায় তিনি সামগ্রিকভাবে সবাইকে নিয়ে মিটিং করছেন। পরিচালক মহোদয় বার্ষিক কর্মসম্পাদন পরকিল্পনা অনুযায়ী সকলকে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সচেষ্ট হওয়ার আহবান জানান। সভার শুরুতে উপপরিচালক (সিএম) এবং সহকারী পরিচালক (মেট) জানুয়ারি মাসের কার্যক্রম নিয়ে আলোচনা করেন এতে পরিচালক মহোদয় সন্তোষ প্রকাশ করেন। তবে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কিছু কিছু ক্ষেত্রে শতভাগ অর্জন না হওয়ায় সেদিকে খেয়াল রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। অফিসের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনাশেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ১। | মাসিক সমন্বয় সভা বিষয়ক আলোচনা। | প্রত্যেক মাসের দ্বিতীয় কর্মদিবসে ১০.৩০ মিনিটে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। বগুড়া জেলা অফিসের প্রধানকে প্রত্যেক মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক(মেট) ও অফিস প্রধান, বগুড়া জেলা অফিস। |
| ২। | মোবাইল কোর্ট এবং সার্ভিল্যান্স বিষয়ক আলোচনা: পণ্যের গুণগতমানসনদ গ্রহণ না করে যে সমস্ত প্রতিষ্ঠান অবৈধভাবে পণ্য উৎপাদন করছে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ এবং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানে নিয়মিত সার্ভিল্যান্স কার্যক্রম জোরদার করার বিষয়ে আলোচনা হয়। | ক) মাসের শেষের সপ্তাহের দুই কার্যদিবস পূর্বে মোবাইলকোর্টের প্রোগ্রাম দিতে হবে এবং মাসজুড়ে সুষমভাবে শিডিউল নির্ধারণ করতে হবে। মোবাইলকোর্ট এবং সার্ভিল্যান্সের তথ্য কার্যক্রমশেষে উইং এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং ডাটা এন্ট্রি অপারেটরের নিকট দিতে হবে। ডাটা এন্ট্রি অপারেটর তা এক্সেলশিটে উইং ভিত্তিক এন্ট্রি করবে। মোবাইল কোর্ট এবং সার্ভিল্যান্স কার্যক্রম আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।<br>খ) প্রত্যেক জেলায় প্রতি মাসে ০২ টি করে মোবাইল কোর্ট এবং ০২ টি করে সার্ভিল্যান্স পরিচালনা করতে হবে। রাজশাহী জেলায় তিনটি মোবাইলকোর্ট ফিল্ড অফিসার জনাব মাঃ শরীফ হোসেন অংশগ্রহণ করবেন। তিনটির বেশী হলে অন্যান্য ফিল্ড অফিসার পর্যায়ক্রমে অংশগ্রহণ করবেন।<br>গ) সার্ভিল্যান্স পরিচালনাকালে অবৈধ প্রতিষ্ঠান চিহ্নিত করে লাইসেন্স প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নতুন বাধ্যতামূলক পণ্যের উৎপাদনকারী প্রতিষ্ঠান খুঁজে বের করে ব্যবস্থা নিতে হবে। লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের নমুনা গুণগতমান পরীক্ষণের জন্য কারখানা এবং বাজার হতে সংগ্রহ করতে হবে। বাজার হতে সংগৃহীত নমুনার পরীক্ষণ ফি প্রতিষ্ঠানের নিকট দাবী করতে হবে। বিভিন্ন জেলা হতে ফলমূল সংগ্রহ করে ফরমালিনের উপস্থিতি পরীক্ষণপূর্বক রিপোর্ট জেলাপ্রশাসক বরাবর প্রেরণ করতে হবে। রাজশাহীতে ভ্রাম্যমান ল্যাবের মাধ্যমে ফলের দোকানে নিয়মিত ফরমলিনের উপস্থিতি পরীক্ষণ করতে হবে। বগুড়া অফিস প্রধানের চাহিদার প্রেক্ষিতে একটি ফরমালিন টেস্টিং এর বক্স প্রস্তুত করে দিতে হবে। | ক) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ও ডাটা এন্ট্রি অপারেটর।<br>খ) ফিল্ড অফিসার এবং পরিদর্শকসকল<br>গ) ফিল্ড অফিসার সকল ও উর্ধ্বতন পরীক্ষক (রসায়ন) |

| | | | |
|---|---|---|---|
| ৩। | আইনজীবি নিয়োগের বিষয়ে আলোচনা : নাটোর এবং পাবনা জেলায় আইনজীবী নিয়োগের বিষয়ে প্রধান কার্যালয়ে আইনজীবীদের বায়োডাটা প্রেরণ করা হয়েছে কিন্তু এখনো এ বিষয়ে কোন সিদ্ধান্ত না পাওয়ায় নিয়মিত মামলা প্রক্রিয়া অসুবিধা হচ্ছে। | আইনজীবী নিয়োগের ব্যাপারে প্রধান কার্যালয়ের সাথে আলোচনা হয়েছে। আইনজীবী নিয়োগের জন্য বিজ্ঞাপন দিতে হবে।। | জনাব মোঃ হাসিবুল হাসান এবং জনাব মোঃ রকিবুল হাসান রিপন, ফিল্ড অফিসার(সিএম) ও সহকারী পরিচালক (সিএম)-১ |
| ৪। | বিডিএস বিক্রয় সংক্রান্ত আলোচনা: আলোচনাকালে ওয়ানস্টপ প্রধান জানান, পূর্বের চেয়ে ক্রমশ: বিডিএস বিক্রি বৃদ্ধি পাচ্ছে। | বিডিএস বিক্রয় বৃদ্ধি করতে হবে এবং যে সকল পণ্যের সিএম লাইসেন্স এর জন্য আবেদন বেশি হয়, সে সমস্ত বিডিএস ফটোকপি করে ওয়ানস্টপে দেয়ার ব্যবস্থা করতে হবে। সব প্রতিষ্ঠানকে বিডিএস অনুযায়ী পণ্য তৈরীর পরামর্শ দিতে হবে। | ওয়ান স্টপ প্রধান ও সহকারী পরিচালক (সিএম) -২ |
| ৫। | ভেরিফিকেশন সংক্রান্ত আলোচনা: | রাজশাহী বিভাগীয় অফিসের আওতাধীন সকল জেলায় প্লাটফরম স্কেল, ওয়েব্রিজ এবং বাটখারা ভেরিফিকেশনের কাজ গুরুত্বসহকারে করতে হবে। মেরামতকারী লাইসেন্স প্রদানের বিষয়ে খোঁজখবর নিতে হবে। | সহকারীপরিচালক(মেট)। |
| ৬। | জেলার আইনশৃঙ্খলা বিষয়ক মিটিং এ অংশগ্রহণ সংক্রান্ত আলোচনা: | ক) প্রত্যেক জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জেলার আইনশৃঙ্খলা বিষয়ক মিটিং এ অংশগ্রহণের জন্য যোগাযোগ করবেন এবং যে সকল জেলা হতে পত্র প্রেরণ করা হয় না সে সকল জেলায় জেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে মিটিং এ অন্তভূর্ক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। পাবনা এবং নাটোর জেলায় আগামী মাসে মিটিং এ অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যোগাযোগ করবেন।<br>খ) রাজশাহী জেলার আইনশৃঙ্খলা কমিটির সভায় প্রায়শ জেলার সকল সংস্থার প্রধানগণ যোগদান করেন বিধায় এখন থেকে উপ-পরিচালক(সিএম) অবশ্যই উক্ত সভায় যোগদানপূর্বক মূল্যবান মতামত প্রদান করবেন। | উপপরিচালক(সিএম) ও সহকারী পরিচালক (মেট) |
| ৭। | বিবিধ আলোচনা | সরকারী প্রতিষ্ঠানের ফি আদায়ের সময় ভ্যাট এবং উৎসে কর সংক্রান্ত চালান সংগ্রহ করতে হবে। গাড়ী ভাড়া দাবী করার সময় প্রতিবেদনসহ জমা দিতে হবে। যে সকল ইটভাটার মেয়াদ জুন ২০২২ এ উত্তীর্ণ হবে সেগুলো নবায়নের তাগিদ দিতে হবে। | সিএম বিভাগের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/০৫/২০২২

(ইঞ্জিঃ মোঃ সেলিম রেজা)
পরিচালক

স্মারক নং ৩৬.০৫.০০০০.০১০.২৩.৪৭০৭.১৭/২১৪৬—

তারিখ:০৯-০২-২০২২ খ্রিঃ

গত ০৩-০২-২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

( দেবব্রত বিশ্বাস)
সহকারী পরিচালক(সিএম)

বিতরণ:

১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, বিএসটিআই, রাজশাহী।
২। সহকারী পরিচালক (মেট) ও অফিস প্রধান, বিএসটিআই, বগুড়া।

অনুলিপি;

পিএ টু মহাপরিচালক ( মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। [illegible] (মো: [illegible], [illegible] বিএসটিআই, রাজশাহী)

৩।—